দৈনিক জনকণ্ঠ

তারিখ APR 11 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

55

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনুকূল পরিবেশ নেই ॥ হাজার হাজার শিক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বার বার ভুল সিদ্ধান্তের কারণে ৪৭ হাজার ছাত্রছাত্রীর জীবন বিষিয়ে উঠেছে। সিদ্ধান্তহীনতার কারণে ভর্তি পরীক্ষার তারিখ ও সূচী পরিবর্তনের দরুন হাজার হাজার ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর আর্থিক অসঙ্গতিসহ পড়াশোনার ব্যাপক ক্ষতি হচ্ছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া প্রায় ৭ হাজার ছাত্রছাত্রী কর্তৃপক্ষের খামখেয়ালিপনার কারণে অনিশ্চিত ভবিষ্যতের দিকে ধাবিত হচ্ছে। বিশ্ববিদ্যালয় খোলা থাকলেও ছাত্রদলের সাথে কর্তৃপক্ষের বনিবনার অভাবে ২১ দিন বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। আবারও ছাত্রদলের সাথে কোন প্রকার সমঝোতা ছাড়াই আগামী ১৭ এপ্রিল ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। এদিকে ছাত্রদল কুষ্টিয়া ও ঝিনাইদহ শহরে হরতাল স্থগিত ঘোষণা করলেও ১৫ এপ্রিল থেকে নতুন কর্মসূচী দেবে বলে জানিয়েছে। পাশাপাশি এ দুটি শহরে ভর্তি পরীক্ষা স্থগিত করার দাবি নিয়ে মাইকিং করছে– 'জীবনের ঝুঁকি নিবেন না, পরীক্ষা দিতে যাবেন না।' এসব স্লোগান শোনার পর অভিভাবকসহ ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা নিজের জীবনের কথা চিন্তা করে পরীক্ষা দিতে অনাগ্রহী।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বলেছে, যতদিন ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি না হয় ততদিন পর্যন্ত তারা কোন প্রকার পরীক্ষা, ক্লাস গ্রহণ থেকে বিরত থাকবে। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ যে কোন প্রকারে আগামী ১৭ তারিখে পরীক্ষা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়েছে। ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্ট, ছাত্র মৈত্রীসহ অন্যান্য প্রগতিশীল সংগঠন সংক্ষিপ্ত সময়ের মধ্যে ভর্তি পরীক্ষা সম্পন্ন করে বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় ক্লাস ও পরীক্ষা শুরু করার জন্য মিছিল মিটিং অব্যাহত রেখেছে। সংগঠনগুলো এমর্মে উপাচার্যের নিকট স্মারকলিপিও পেশ করেছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় প্রশাসনের এ নাজুক পরিস্থিতির দরুন প্রতিটি বিভাগেই তিন থেকে সাড়ে তিন বছরের সেশনজট বিদ্যমান।